

বল্ গিয়া ওড়াকান্দী তোর সে ঠাকুরে।
 লাঠি নিল একবেটা না দিলে আমরাে।।
 তাহা শুনি জয়চাঁদ কাঁদিতে কাঁদিতে।
 ওড়াকান্দী উপনীত বিষাদিত চিতে।।
 ঠাকুর বসিয়াছেন পশ্চিমাভিমুখে।
 হেনকালে জয়চাঁদ দাঁড়াল সন্মুখে।।
 ঠাকুর তখন বলিলেন জয়চাঁদে।
 “দস্যু-হাতে পড়েছিলি বিষম প্রমাদে।।
 যষ্টিখানা কেড়ে নিয়ে সে খুয়েছে গেঁড়ে।
 ভাগ্যে সন্দেশের হাঁড়ি তোরে দিল ছেড়ে।।”
 তাহা শুনি জয়চাঁদ কাঁদিয়া ভাসায়।
 হেন অর্ন্তয্যামী নাথ কোথা পাওয়া যায়?
 প্রভুর নিকটে রাখি সন্দেশের হাঁড়ি।
 পদে পড়ি জয়চাঁদ যায় গড়াগড়ি।।
 হরিচাঁদ বলে ওরে বাছা জয়চাঁদ।
 ঝগড়া করিলে তোর ঘটিত প্রমাদ।।
 জয় বলে ‘রাজকার্য্যে যুদ্ধ করিয়াছি।
 তার মত কতটাকে পরাস্ত করেছি।
 পাঁচশত লোকের ★মুহাড়া একা দেই।।
 আমি জয় পরাজয় কাঁরে দেই নেই।।
 রণে যদি ★পাইতারা করি একবার।
 পলাইয়া যায় লোক হাজার হাজার।।
 অদ্য আমি বলহীন নহে কোন মতে।
 তথাপি পরাস্ত মানি শৃগালের হাতে।।
 সিংহের শাবক ইহা ধরিল শৃগালে।
 সিংহ হইয়ে ভয় হইল শৃগালের পালে।।
 তব শক্তি ধৈর্য্য ডুরি বোঝা যে দিনেতে।
 দিলেন ভবানী দিদি মোব মস্তকেতে।।

★ তেডি : তেজ।

★ মুহাড়া : পুরোভাগে থাকা।

★ পাইতারা : পরিক্রমণ।

সেই হতে হারিয়েছি পূর্ব বুদ্ধি বল।
 সেজন্য ছাড়িনু লাঠি নিল দুষ্ট খল।।
 হেনকালে দয়ারাম ছেড়ে দিল গরু।
 গরু রাখিবারে গেল বাঙ্কাকল্পতরু।।
 বলিলেন ভবানীরে “বাড়ী মধ্যে যাও।
 তুমি গিয়া খাও জয়চাঁদে খাওয়াও।।
 আমি এই ★পালানেতে গরু চরাইব।
 তোমরা খাইয়া এস বিদায় করিব।।
 তাহা শুনি জয়চাঁদ বাড়ী মধ্যে গিয়ে।
 ঠাকুর নিকটে পুনঃ আসিলেন খেয়ে।।
 ঠাকুর বলেন “তোরা আর কি করিবি,
 এই তো দেখিলি মোরে আর কি দেখিবি।।
 নয়ন মুদিয়া মোরে চিস্তিবি যখনে।
 অমনি আমার দেখা পাইবি তখনে।।
 সে লাঠি নিয়াছে কাজ নাহি সে লাঠিতে।
 আমি এই লাঠি দেই রাখিস্ সঙ্গতে।।
 কারো সঙ্গে কখন না করিও জুলুম।
 মালেকে যাইতে রণে দিলে সে হুকুম।।
 অস্ত্রশস্ত্র না নিয়ে এ লাঠি নিয়ে যেও।
 বিপক্ষেরে ঐ লাঠি ঘুরায়ৈ দেখাইও।।
 যা হ'বার হইবেক ভয় করিওনা।
 এই লাঠি সর্ব্বজরী রণে হারিবে না।।
 এই লাঠি অথভাগে এইটুকু ★ফাঁড়া।
 সুতা দিয়া বাঁধিয়া আগায় দিও জোড়া।।
 প্রভুর শ্রীপদধূলি লইয়া মাথায়।
 কাঁদিতে কাঁদিতে সাধু নিজ দেশে যায়।।
 গৃহে আসি সেই লাঠি সুতায় বাঁধিল।
 সযতনে তৈলজল মর্দন করিল।।
 জয়চাঁদ মনে চিন্তা করে অনুক্ষণ।
 নয়ন মুদিলে হরি দিবেন দর্শন।।

★ পালন—গোচরণের জন্য পতিত জমি।

★ ফাঁড়া—চিরিয়া গিয়াছে।